

**AKASHVANI (AIR)  
RNU : KOLKATA  
Bengali Text Bulletin**

**Date: 24.10.2024**

**Time: 7.35A.M.**

বিশেষ বিশেষ খবর -

১) ঘূর্ণিষড় দানা ক্রমশ উত্তর-উত্তর পশ্চিম দিকে অগ্রসর হয়ে অতিপ্রবল সামুদ্রিক ঘূর্ণিষড়ের রূপ নিয়েছে। আজ রাত থেকে আগামীকাল সকালের মধ্যে এটির স্থলভাগে প্রবেশের সম্ভাবনা।

২) দানার প্রভাবে দুই মেদিনীপুর ও দক্ষিণ ২৪ পরগনায় আজ অতিভারী বৃষ্টির লাল সতর্কতা।

#বাতিল করা হয়েছে একাধিক ট্রেন। কলকাতা বিমানবন্দরে সন্ধ্যে থেকে ১৫ ঘণ্টা উড়ান পরিষেবা বন্ধ থাকছে।

৩) রাজ্য আসন্ন উপনির্বাচনের প্রস্তুতি খতিয়ে দেখতে ডেপুটি নির্বাচন কমিশনার ধর্মেন্দ্র শর্মা, আজ মুখ্য নির্বাচনী আধিকারিক আরিজ আফতাবের সঙ্গে বৈঠক করবেন।

# উপ নির্বাচনের জন্য মনোনয়ন জমা দেওয়ার সময়সীমা শেষ হচ্ছে আগামীকাল।

৪) আকাশবাণী সংবাদের প্রাক্তন মহানির্দেশক ডষ্ট্রি প্রদীপ্তি কুমার বন্দ্যোপাধ্যায় প্রয়াত।

০০০০০০০০০০০০০০০০০০০

ঘূর্ণিষ্ঠ দানা ক্রমশ উত্তর-উত্তর পশ্চিম দিকে অগ্রসর হয়ে অতিপ্রবল সামুদ্রিক ঘূর্ণিষ্ঠড়ের রূপ নিয়েছে। গত ৬ ঘণ্টায় এটি ১৫ কিলোমিটার বেগে এগিয়েছে। আবহাওয়া দণ্ডের শেষ খবর অনুযায়ী, এটি আজ ভোরে পারাদ্বীপ থেকে ২৮০ কিলোমিটার দক্ষিণপূর্ব, ধামারা থেকে ৩১০ কিলোমিটার দক্ষিণ-দক্ষিণপূর্ব এবং সাগরদ্বীপ থেকে ৩৭০ কিলোমিটার দক্ষিণ দক্ষিণ-পূর্বে অবস্থান করছিল। এটি ক্রমশ উত্তর-পশ্চিম দিকে অগ্রসর হয়ে আজ মধ্যরাত থেকে আগামীকাল সকালের মধ্যে পুরী ও সাগরদ্বীপের মাঝামাঝি দিয়ে ভিতরকনিকা ও ধামারার কাছে স্থলভাগে প্রবেশ করবে। এই সময় বড়ের গতিবেগ থাকবে ঘণ্টায় ১০০ থেকে ১১০, সর্বোচ্চ ১২০ কিলোমিটার।

আলিপুর আবহাওয়া দণ্ডের অধিকর্তা হবিবুর রহমান আকাশবাণীকে জানিয়েছেন,

(বাইট - হবিবুর)

ঘূর্ণিষ্ঠ দানার প্রভাবে আজ দুই মেদিনীপুর ও দক্ষিণ ২৪ পরগনায় ভারী থেকে অতি ভারী বৃষ্টির লাল সতর্কতা জারি রয়েছে। কলকাতা, হাওড়া, ভগুলী, উত্তর ২৪ পরগনা ও ঝাড়গ্রামে কমলা এবং দক্ষিণবঙ্গের বাকি জেলায় ভারী বৃষ্টির হলুদ সতর্কতা জারি করেছে আবহাওয়া দফতর।

আগামীকাল দুই মেদিনীপুর, দক্ষিণ ২৪ পরগনা এবং ঝাড়গ্রামে ভারী বৃষ্টির লাল সতর্কত জারি থাকছে। কলকাতা ও হলদিয়া বন্দরে ৯ নম্বর এবং সাগরদ্বীপে ৩ নম্বর বিপদ সংকেত জারি করা হয়েছে। দক্ষিণ ২৪ পরগনার থেকে আমাদের জেলা সংবাদদাতার একটি প্রতিবেদন।

( ভয়েসকাস্ট - গৌতম)

উত্তর ২৪ পরগনা জেলার সদর শহর ও প্রতিটি ব্লকে কন্ট্রোল রুম খোলা হয়েছে। নদীর ঘাটগুলিতে মোতায়েন রয়েছেন সিভিল ডিফেন্স কর্মীরা। সন্দেশখালির

২ন্দর ব্লক ও হাসনাবাদে জাতীয় বিপর্যয় মোকাবিলা বাহিনী এবং বসিরহাট ও হিঙ্গলগঞ্জে রাজ্য বিপর্যয় মোকাবিলা বাহিনীর দল থাকছে। নদী তীরবর্তী এলাকায় চলছে মাইকিং।

ইস্ট কোস্ট রেল ১৯৮৩ ট্রেন বাতিল করেছে। পূর্ব রেলও সবরকমের সতর্কতামূলক ব্যবস্থা নিয়েছে। শিয়ালদা ডিভিশনে শহরতলির ১৬০-টি ট্রেন বাতিল করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। আজ সন্ধে থেকে আগামীকাল সকাল ১০-টা পর্যন্ত দক্ষিণ শাখায় ট্রেন চলাচল নিয়ন্ত্রণ করা হবে বলে পূর্ব রেলের মুখ্য জনসংযোগ আধিকারিক কৌশিক মিত্র জানিয়েছেন।

(বাইট - কৌশিক মিত্র)

পূর্ব রেলের হাওড়া ও শিয়ালদা ডিভিশনে বিশেষ হেল্প ডেক্স খোলা হয়েছে। গার্ডেনরিচ এবং খড়গপুরে রেল দফতর ২৪ ঘণ্টার ওয়ার রুম খুলেছে।

এদিকে সতর্কতামূলক ব্যবস্থা হিসাবে কলকাতা বিমান বন্দরে আজ সন্ধে ৬ টা থেকে আগামীকাল সকাল ৯-টা পর্যন্ত ১৫ ঘণ্টা উড়ান পরিষেবা বন্ধ থাকছে।

দক্ষিণ ২৪ পরগনার পাশাপাশি ভুগলীর গুপ্তিপাড়া, নদীয়ার শান্তিপুরের মধ্যে আগামীকাল পর্যন্ত বন্ধ থাকবে ফেরি চলাচল।

০০০০০০০০০০০০০০০০০০০

ঘূর্ণিঝড়ের পূর্বাভাসের প্রেক্ষিতে রাজ্যপাল সিভি আনন্দ বোস রাজ্যবাসীকে সতর্ক থাকার পরামর্শ দিয়েছেন। একইসঙ্গে সকলকে আশ্বস্ত করে তিনি বলেছেন, যেকোন বিপর্যয়ের মোকাবিলায় রাজ্য সরকার এবং কেন্দ্রীয় সরকারের সমন্ত ব্যবস্থাপনা প্রস্তুত। পূর্ববর্তী অভিজ্ঞতা থেকে শিক্ষা নিয়ে এ রাজ্যের মানুষ এই দুর্যোগকে প্রতিহত করতে পারবে বলে দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন রাজ্যপাল।

০০০০০০০০০০০০০০০০০০০

ঘূর্ণিষাঢ় 'দানা'-র জন্য প্রাথমিক শিক্ষা উন্নয়ন পর্ষদ পরিচালিত চতুর্থ শ্রেণির ছাত্র-ছাত্রীদের আজ ও আগামীকালের বিজ্ঞান এবং ইংরেজি বিষয়ে বৃত্তি পরীক্ষা স্থগিত রাখা হয়েছে।

পরিবর্তীত সূচি অনুযায়ী, ২৮ ও ২৯ অক্টোবর এই দুটি পরীক্ষা নেওয়া হবে বলে পর্ষদের সম্পাদক তপন কুমার সামন্ত জানিয়েছেন।

উল্লেখ্য, এবছর মোট ১ লক্ষ ৬৮ হাজার ৩৮২ জন পরীক্ষার্থী ২ হাজার ৩০০ টি কেন্দ্রে পরীক্ষায় বসছে। ২১ অক্টোবর থেকে এই পরীক্ষা শুরু হয়েছে। আগামীকাল পর্যন্ত তা চলার কথা ছিল।

০০০০০০০০০০০০০০০০০০০

মুশিদাবাদের সামশেরগঞ্জে ঘূর্ণিষাঢ়ের সতর্কতা উপেক্ষা করে মাছ ধরতে গিয়ে নৌকা উল্টে নিখোঁজ দুই মৎস্যজীবী। জানা গেছে, গতকাল বিকেলে মাছ ধরার সময়ে জলের বেগে নৌকো উল্টে গঙ্গায় তলিয়ে ফান ১০ জনেরও বেশি মৎস্যজীবী। এঁদের মধ্যে কয়েকজন সাঁতরে ডাঙায় ওঠেন। রাতে দুর্ঘাগের মধ্যেই নিখোঁজদের সন্ধানে তল্লাশি শুরু হয়। তবে নদী উভাল থাকায় সমস্যায় পড়ে উদ্ধারকারী দল। শেষ খবর পাওয়া পর্যন্ত তাঁদের সন্ধান মেলেনি।

০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে ৬টি বিধানসভা কেন্দ্রে উপনির্বাচনের প্রস্তুতি খতিয়ে দেখতে আজ সকাল এগারোটায় ডেপুটি নির্বাচন কমিশনার ধর্মেন্দ্র শর্মা রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক আরিজ আফতাবের সঙ্গে বৈঠক করবেন। মুখ্য নির্বাচনী আধিকারিকের দণ্ডে এই বৈঠকে উপস্থিত থাকবেন অন্যান্য কর্মকর্তারাও। জেলা নির্বাচনী আধিকারিকরা ভিডিও কনফারেন্সের মাধ্যমে বৈঠকে যোগ দেবেন বলে খবর।

এদিকে, পাঁচ জেলার ছয় কেন্দ্রের উপ নির্বাচনে শান্তি-শৃঙ্খলা বজায় ৮৯ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী আগামীকালের মধ্যেই রাজ্যে পৌঁছবে। এর মধ্যে সিতাই ও মেদিনীপুরে ১৬ কোম্পানি করে, মাদারিহাটে ১৪, নেহাটিতে ১০, হারোয়ায় ১৫ ও তালডাঙ্গরায় ১৮ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা হবে। প্রত্যেক কেন্দ্রে যত সংখ্যক কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা হবে সেই অনুপাতে কুইক রেসপন্স টিমও রাখা হবে। পাশাপাশি থাকবে পর্যাপ্ত সংখ্যায় রাজ্য পুলিশ।

বিভিন্ন রাজ্যে আসন্ন বিধানসভা নির্বাচন ও উপ-নির্বাচনকে সামনে রেখে আগামী ২৯সে অক্টোবর মুখ্য নির্বাচন কমিশনার রাজীব কুমার এক উচ্চ পর্যায়ের বৈঠকের ডাক দিয়েছেন। ভিডিও কনফারেন্সের মাধ্যমে ওই বৈঠকে যোগ দেবেন মুখ্য নির্বাচনী আধিকারিক, রাজ্যের মুখ্য সচিব, স্বরাষ্ট্র সচিব, রাজ্য পুলিশ এবং কোস্টগার্ডের ডিজি প্রমুখ।

০০০০০০০০০০০০০০০০০০০

অন্যদিকে, আসন্ন উপ নির্বাচনের জন্য মনোনয়ন জমা দেওয়ার সময়সীমা আগামীকাল শেষ হচ্ছে। ২৮ তারিখ এগুলি পরীক্ষা করে দেখা হবে। প্রার্থীপদ প্রত্যাহারের শেষদিন ৩০ শে অক্টোবর।

আলিপুরদুয়ারের মাদারিহাট বিধানসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী রাহুল লোহার গতকাল মনোনয়ন জমা দেন। উপস্থিত ছিলেন রাজ্য বিজেপির সভাপতি সুকান্ত মজুমদার, সাংসদ মনোজ টিঙ্গা, রাজ্য সভার সাংসদ রাজু বিস্ত প্রমুখ।

ঘূর্ণিঝড়ের আশঙ্কার প্রেক্ষিতে প্রদেশ কংগ্রেস রাজ্য আসন্ন ৬ টি বিধানসভা আসনের উপনির্বাচনে মনোনয়ন পত্র দাখিলের সময়সীমাবাড়ানোর দাবি জানিয়েছে। প্রদেশ কংগ্রেস সভাপতি শুভক্ষণ সরকার আজ এই মর্মে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিককে চিঠি দিয়েছেন বলে খবর।

oooooooooooooooooooo

চালকল মালিকদের, একাধিক দাবি- দাওয়া সরকার মেনে নেওয়ায় ধর্মঘট  
প্রত্যাহার করে নিয়েছেন তাঁরা। সরকারের কাছ থেকে ধান নেওয়ার কাজ ফের শুরু  
করার ব্যাপারেও তারা সম্মত হয়েছেন। চালকল মালিকদের ধর্মঘটকে কেন্দ্র করে  
অচলাবস্থা কাটাতে গতকাল খাদ্যমন্ত্রী রথীন ঘোষ মিল মালিকদের সঙ্গে বৈঠক  
করেন। বেঙ্গল রাইস মিল অ্যাসোসিয়েশনের কার্যনির্বাহী সভাপতি আব্দুল মালেক  
জানিয়েছেন, ধান থেকে চাল তৈরির টাকা বাড়ানো সহ একাধিক দাবিপূরণের  
প্রতিশ্রুতি দেওয়া হয়েছে। সেকারণেই ধর্মঘট তুলে নেওয়ার এই সিদ্ধান্ত।

oooooooooooooooooooo

আলিপুরদুয়ারের জয়গাঁয় পরিত্যক্ত জমি থেকে ৭ বছরের শিশু কন্যার দন্ত দেহ উদ্ধারের  
পর পরিস্থিতি এখনও থমথমে। নেপাল সীমান্ত থেকে মূল অভিযুক্তকে গ্রেপ্তার করা হয়েছে বলে  
পুলিশ সূত্রে খবর। ঘটনায় জড়িত সন্দেহে গ্রেপ্তার আরও দুই।

উল্লেখ্য, গত মঙ্গলবার গুয়াবাড়ি তলা বন্তি এলাকার পরিত্যক্ত জমির ঝোপ থেকে আটদিন  
ধরে নিখোঁজ ওই শিশুর দেহ উদ্ধার হয়। এরপরই প্রসাশনিক ব্যর্থতার অভিযোগে বিক্ষোভ  
দেখান এলাকাবাসী। পরিবারের অভিযোগ, স্থানীয় এক যুবক প্রলোভন দেখিয়ে বাড়ি থেকেই  
তাকে নিয়ে যায়। গণধর্মণের পর তাকে খুন করা হয়েছে বলে স্থানীয়দের দাবি।

জয়নগর হোক বা জয়গাঁ, মুখ্যমন্ত্রী যতদিন ক্ষমতায় থাকবেন, ততদিন এই ধরনের ঘটনা  
ঘটবে বলে বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার অভিযোগ করেছেন। আলিপুরদুয়ারের  
মাদারিহাটে সাংবাদিকদের তিনি বলেন, রাজ্যে যেকটি নারী নির্যাতনের রিপোর্ট প্রকাশ্যে আসে  
তা হিমশৈলের চূড়া মাত্র। অপরাধীরা পুলিশ প্রশাসনকে ভয় পায় না বলে তাঁর দাবি।

(বাইট )

তৎমূল কংগ্রেস নেতা কুনাল ঘোষের দাবি, বিজেপি শাসিত রাজ্যে পরিস্থিতি আরও ভয়ানক।

(বাইট )

০০০০০০০০০০০০০০০০০০০

আকাশবাণী সংবাদের প্রাক্তন মহানির্দেশক ডষ্টের প্রদীপ্তি কুমার বন্দ্যোপাধ্যায় প্রয়াত। বয়স হয়েছিল ৭৬ বছর। গত সন্ধ্যায় দক্ষিণ কলকাতায় নিজ বাসভবনে হৃদরোগে আক্রান্ত হয়ে তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। প্রাক্তন এই আইআইএস আধিকারিক পিআইবি সহ তথ্য ও সম্প্রচার মন্ত্রকের একাধিক গুরুত্বপূর্ণ পদে ছিলেন। ইংরেজি ও বাংলা সাহিত্যেও তাঁর ছিল অগাধ জ্ঞান। বেশ কয়েকটি বই-ও লিখেছেন তিনি। ঢাকায় আকাশবাণীর স্পেশাল করেসপনডেন্ট হিসেবেও তিনি দায়িত্ব সামলেছেন।

প্রেস ক্লাব কলকাতা তাঁর প্রয়াণে গভীর শোকব্যক্তি করেছেন।

০০০০০০০০০০০০০০০০০০০

কলকাতার টেরিটি বাজারে সংলগ্ন এজরা স্ট্রিটে বিধ্বংসী আগুনে বৈদ্যুতিন সামগ্রীর একাধিক দোকান ভয়ঙ্গিত হয়েছে। দমকল সূত্রে খবর, গতরাতে হঠাতেই একের পর দোকানে আগুন লাগে। খুব দ্রুত তা ছড়িয়ে পড়ে। ধোঁয়ায় দেকে যায় চারপাশ। দমকলের ১৫টি ইঞ্জিন এক ঘন্টার চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আনে। ঘিঞ্জ এলাকা হওয়ায় আগুন নেভাতে বেগ পেতে হয় দমকল কর্মীদের। খবর পেয়ে ঘটনাস্থলে যান দমকল মন্ত্রী সুজিত বসু। শর্টসার্কিট থেকেই এই অগ্নিকান্ড বলে প্রাথমিক অনুমান।

০০০০০০০০০০০০০০০০০০০